



করোনা মোকাবেলায় জীবানুনাশক দ্রবণ (Antiseptic Solution) তৈরির নিয়ম

ব্লিচ ব্যবহার করে:

ব্লিচ বাজারে ক্লোটেক (Chlotech), ক্লোরক্স ও ক্লোরেক্স ইত্যাদি নামে পাওয়া যায়। ব্লিচ ব্যবহার করে জীবানুনাশক দ্রবণ তৈরির পদ্ধতি হলো:

অধিক মাত্রার সংক্রামক জীবানুনাশক দ্রবণ: (হাসপাতাল বর্জ্য বা আক্রান্ত মৃতদেহ)



১ লিটার পানি



৩-৪ চা চামচ পরিমাণ ব্লিচ দ্রবণ



- প্রয়োজন মত দ্রবণ তৈরি করে নিন অনুপাতে

স্বল্প মাত্রার সংক্রামক জীবানুনাশক দ্রবণ: (সাধারণ গৃহস্থালি পরিষ্কারের কাজে)



১ লিটার পানি



২ চা চামচ পরিমাণ ব্লিচ দ্রবণ



- প্রয়োজন মত দ্রবণ তৈরি করে নিন অনুপাতে

ব্লিচিং পাউডার ব্যবহার করে:

ব্লিচিং পাউডার বাজারে পাউডার বা গুঁড়া হিসেবে পাওয়া যায়। ব্লিচিং পাউডার দিয়ে দুইরকমের জীবানুনাশক দ্রবণ তৈরি করা যায়। একটি বেশী ঘনত্বের ১:১০ ঘনত্বের যা দ্বারা অধিক সংক্রামক বর্জ্য, হাসপাতালের বর্জ্য, আক্রান্ত মৃতদেহ ইত্যাদি জীবানুমুক্ত করা হয়। আরেকটি ১:১০০ ঘনত্বের দ্রবণ যা সাধারণ পরিষ্কারের কাজ যেমন আসবাবপত্র, যন্ত্রাংশ, ফ্লোর, গাড়ী ইত্যাদি জীবানুমুক্ত করতে ব্যবহৃত হয়।

১:১০ ঘনত্বের দ্রবণ তৈরি:



২ লিটার পানি



১ টেবিল চামচ পরিমাণ ব্লিচিং পাউডার

- অনুপাতে

প্রয়োজন মত দ্রবণ তৈরি করে নিন

১:১০০ ঘনত্বের দ্রবণ তৈরি:



২০ লিটার পানি



১ টেবিল চামচ পরিমাণ ব্লিচিং পাউডার

- অনুপাতে

প্রয়োজন মত দ্রবণ তৈরি করে নিন

*এই মিশ্রণটি দৈনন্দিন পরিচ্ছন্নতার কাজে ব্যবহারযোগ্য। পানযোগ্য নহে। রান্না বা সংশ্লিষ্ট কাজে অব্যবহার যোগ্য। শিশুদের হাতের নাগালের বাইরে রাখুন।